## এম এফ এ প্রথম পর্ব

১ বৎসর শিক্ষাকার্যক্রমে কোর্স সমাপ্ত হবে। পূর্ণ নম্বর : ৫০০ ক্রেডিট পয়েন্ট : ৪৪

এই প্রোগ্রামে ক্রিয়েটিভ সিরামিক অথবা ইন্ডাস্ট্রিয়াল সিরামিক এর যে কোন একটি বিষয়কে স্পেশালাইড কোর্স হিসেবে গ্রহণ করে সম্পন্ন করা যাবে। এম এফ এ ১ম পর্বে এবং এম এফ এ ২য় পর্বে পঠিত বিষয় একই হতে হবে।

অনুশীলনী কাজ সম্পন্নকরার পর চূড়ান্ত পরীক্ষার পূর্বে নির্দিষ্ট দিনে উপস্থাপন করতে হবে। শিক্ষকগণ উপস্থাপনা দেখে নম্বর প্রদান করবেন।

### ক্রিয়েটিভ সিরামিক
Creative Ceramic

১. বিষয় : নিরীক্ষামূলক ড্রইং — পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Experimental Drawing — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -১০
কোর্স : ৫৪১

মানুষ, পশুপাখি, প্রকৃতি ইত্যাদি যে কোন বিষয়কে পেন্সিল, রঙ পেন্সিল, কালি তুলি, রঙ প্রভৃতি ব্যবহার করে নিজস্ব ধারানুযায়ী নিরীক্ষামূলক ড্রইং এর মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে।

২. বিষয় : নিরীক্ষামূলক ম্যূরাল — পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Experimental Mural — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -১০
কোর্স : ৫৪২

প্রকৃতি ও জীবন থেকে অর্জিত অভিজ্ঞতাকে বিষয়বস্তু করে নিজস্বধারার সম্পূর্ণ নিরীক্ষাধর্মী দ্বিমাত্রীক (লো রিলিফ/হাই রিলিফ) ম্যূরাল নির্মানের মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে। এ ক্ষেত্রে গবেষণার মাধ্যমে শিক্ষার্থী নিজের কাজের উপযোগী নিম্ন ও উচ্চ তাপমাত্রার বিভিন্ন রঙের মাটি প্রস্তত করে এই কোর্সটি সম্পন্ন করবে।

৩. বিষয় : নিরীক্ষামূলক কম্পোজিশন — পূর্ণমান : ২০০ (অনুশীলনী নম্বর ১০০, পরীক্ষা ৭৫, কনসেপ্ট ২৫)
Experimental Composition — বছরে কমপক্ষে ১০টি ক্লাস (৩০০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -২০
কোর্স : ৫৪৩

যে কোন বিষয় বস্তুকে কেন্দ্র করে নিজস্ব ধারানুযায়ী পূর্ণাঙ্গ সিরামিক মাধ্যমে বিভিন্ন প্রকার গবেষণা ও নিরীক্ষার মাধ্যমে কম্পোজিশন করতে হবে। সেক্ষেত্রে যে কোন প্রকার তাপসহ মিশ্রমাধ্যম এই কোর্সে গ্রহণযোগ্য হবে, নিজের শিল্পকর্ম সম্পর্কিত চিন্তা-চেতনা বৈশিষ্ট্য সম্পর্কে সুস্পষ্ট ব্যাখ্যা (রচনামূলক) চূড়ান্ত পরীক্ষার সময় জমা দিতে হবে।

অথবা

### ইন্ডাস্ট্রিয়াল সিরামিক
Industrial Ceramic

৪. বিষয় : নিরীক্ষামূলক ড্রইং — পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Experimental Drawing — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -১০
কোর্স : ৫৪৪

বিভিন্ন প্রকার দৈনন্দিন ব্যবহার্য তৈজসপত্রের আধুনিক যুগোপযোগী এবং সৃষ্টিশীলরূপ ও ব্যবহারিক বৈশিষ্ট অক্ষুন্ন রেখে প্যাটার্ণ ডিজাইনসহ ড্রইং-এর মাধ্যমে এই কোর্সটি সম্পন্ন হবে। পেন্সিল, কালি-কলম, তুলি, রঙ প্রভৃতি মাধ্যমে সম্পন্ন করা যাবে।

৫. বিষয় : নিরীক্ষামূলক ডেকোরেশন — পূর্ণমান : ১০০ (অনুশীলনী নম্বর ৫০ এবং পরীক্ষা ৫০)
Experimental Decoration — বছরে কমপক্ষে ৫টি ক্লাস (১৫০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -১০
কোর্স : ৫৪৫

প্রকৃতি ও পারিপার্শ্বিক অভিজ্ঞতার আলোকে নিজস্ব গবেষণা ও সতন্ত্র ধারায় বিভিন্ন প্রকার অলংকরণ ও সাজসজ্জার উপাদান (অলংকৃত টাইলস্, শোপিস, ফুলদানী ইত্যাদি) বানিজ্যিকভাবে উৎপাদন উপযোগী শিক্ষার মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে।

৬. বিষয় : নিরীক্ষামূলক সিরামিক
Experimental Ceramic
কোর্স : ৫৪৬
পূর্ণমান : ২০০ (অনুশীলনী নম্বর ১০০, পরীক্ষা ৭৫, কনসেপ্ট ২৫)
বছরে কমপক্ষে ১০টি ক্লাস (৩০০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -২০

বিভিন্ন প্রকার দৈনন্দিন ব্যবহার্য তৈজসপত্রের আধুনিক, যুগোপযোগী এবং সৃষ্টিশীল রূপ, ব্যবহারিক বৈশিষ্ট সম্পূর্ণভাবে অক্ষুন্ন রেখে তাপমাত্রাভেদে সিরামিকের বিভিন্ন মাধ্যমে (আর্থেনওয়ার, স্টোনওয়ার, পোরসিলিন) নিজস্ব ধারানুযায়ী এবং বানিজ্যিকভাবে উৎপাদন উপযোগী করে নির্মাণের মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে।
নিজের শিল্পকর্ম সম্পর্কিত চিন্তা চেতনা বৈশিষ্ট সম্পর্কে সুস্পষ্ট ব্যাখ্যা (রচনা মূলক) চূড়ান্ত পরীক্ষার সময় জমা দিতে হবে।

৭. বিষয় : বাংলাদেশের শিল্প
Art of Bangladesh
কোর্স : ৯৪১
পূর্ণমান : ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫, ইনকোর্স মৌখিক ১০, পরীক্ষা ৭৫), ক্রেডিট পয়েন্ট-৪

১৯৪৮ থেকে সাম্প্রতিক সময় পর্যন্ত।

## এম এফ এ দ্বিতীয় পর্ব

১ বৎসর শিক্ষাকার্যক্রমে কোর্স সমাপ্ত হবে। পূর্ণনম্বর : ৫০০, ক্রেডিট পয়েন্ট: ৪৪

### ক্রিয়েটিভ সিরামিক
Creative Ceramic

১. বিষয় : নিরীক্ষামূলক ড্রইং
Experimental Drawing
কোর্স : ৫৫১
পূর্ণমান : ২০০ (অনুশীলনী নম্বর ১০০ পরীক্ষা ১০০)
বছরে কমপক্ষে ১০টি ক্লাস (৩০০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -২০

মানুষ, পশুপাখি প্রকৃতি ইত্যাদি যে কোন বিষয়কে কেন্দ্র করে যে কোন প্রকার সমতল, উত্তল, অবতল সিরামিক ভূমির উপর এচিং এনগ্রেভিং বিভিন্ন প্রকার রঙ, রেখা এবং গ্লেজের মাধ্যমে শুধুমাত্র ড্রইং কে প্রাধান্য দিয়ে কোর্সটি সম্পন্ন হবে। প্রয়োজনে সামান্য পরিমান রিলিফ করা যাবে। (সম্পূর্ণ কোর্সটি হতে হবে নিরীক্ষাধর্মী)

২. বিষয় : স্টুডিও সিরামিক
Studio Ceramic
কোর্স : ৫৫২
পূর্ণমান : ২০০ (অনুশীলনী নম্বর ১০০ পরীক্ষা ৭৫ কনসেপ্ট ২৫)
বছরে কমপক্ষে ১০টি ক্লাস (৩০০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট -২০

যে কোন বিষয় বস্তুকে কেন্দ্র করে নিজস্ব ধারানুযায়ী পূর্ণাঙ্গ সিরামিক (গ্লেজসহ) মাধ্যমে নিরীক্ষা ও গবেষণাধর্মী কম্পোজিশনের মাধ্যমে কোর্সটি সম্পন্ন হবে। সেক্ষেত্রে পরীক্ষা নিরীক্ষার স্বার্থে আংশিক মিশ্রমাধ্যম গ্রহণযোগ্য হবে। নিজের শিল্পকর্ম সম্পর্কিত চিন্তা চেতনা বৈশিষ্ট্য সম্পর্কে সুস্পষ্ট ব্যাখ্যা (রচনামূলক) চূড়ান্ত পরীক্ষার সময় জমা দিতে হবে।

অথবা

### ইন্ডাস্ট্রিয়াল সিরামিক
Industrial Ceramic

৩. বিষয় : নিরীক্ষামূলক ড্রইং
Experimental Drawing
কোর্স : ৫৫৩
পূর্ণমান : ২০০ (অনুশীলনী নম্বর ১০০ পরীক্ষা ১০০)
বছরে কমপক্ষে ১০টি ক্লাস (৩০০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ২০

প্রকৃতিতে প্রাপ্ত ফর্ম মানুষ, পশুপাখি যে কোন বিষয়কে কেন্দ্র করে যে কোন প্রকার সমতল, উত্তল অবতল সিরামিক ভূমির উপর এচিং এনগ্রেডিং বিভিন্ন প্রকার রঙ, রেখা এবং গ্লেজের মাধ্যমে শুধুমাত্র ড্রইংকে প্রাধান্য নিয়ে কোর্সটি সম্পন্ন হবে। প্রয়োজনে সামান্য পরিমান রিলিফ করা যাবে।
(সম্পূর্ণ কোর্সটি হতে হবে নিরীক্ষাধর্মী এবং বানিজ্যিকভাবে উৎপাদন উপযোগী)

৪. বিষয় : ইন্ডাস্ট্রিয়াল সিরামিক
Industrial Ceramic
কোর্স : ৫৫৪

পূর্ণমান : ২০০ (অনুশীলনী নম্বর ১০০ পরীক্ষা ৭৫ কনসেপ্ট ২৫)
বছরে কমপক্ষে ১০টি ক্লাস (৩০০ ঘন্টা) ক্রেডিট পয়েন্ট - ২০

যে কোন বিষয় বস্তুকে কেন্দ্র করে নিজস্ব ধারানুযায়ী পূর্ণাঙ্গ সিরামিক (গ্লেজসহ) মাধ্যমে নিরীক্ষা ও গবেষণা ধর্মী কম্পোজিশন করতে হবে। আংশিক মিশ্র মাধ্যম গ্রহণযোগ্য হবে। নিজের শিল্পকর্মের উৎপাদন পদ্ধতির বর্ণনা ও ম্যাকানিক্যাল ড্রইং জমা দিতে হবে।

৫. বিষয় : সমকালীন মৃৎশিল্প
Contemporary Ceramic
কোর্স : ৫৫৫

পূর্ণমান : ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫, ইনকোর্স মৌখিক ১০, পরীক্ষা ৭৫)
ক্রেডিট পয়েন্ট-৪

১৯০১ পরবর্তী বিশ্ব ও বাংলাদেশের মৃৎশিল্পের প্রবণতা, বিশ্লেষণ ও সমালোচনা।

বিকল্প

৮. বিষয়: অভিসন্দর্ভ
Dissertation
কোর্স : ৫৫৬

পূর্ণমান: ১০০ (লিখিত পরীক্ষা ৬০, মৌখিক পরীক্ষা ৪০), ক্রেডিট পয়েন্ট-৪

বিভাগের পাঠ্যক্রম অনুযায়ী অভিসন্দর্ভের বিষয়বস্তু নির্ধারিত হবে। (অভিসন্দর্ভ কোর্সটি ৫৫৫ নং কোর্সের বিকল্প কোর্স হিসেবে বিবেচিত হবে)